

সংবাদ বিজ্ঞপ্তি

“জেরা এশিয়া স্কলারশীপ” এখন আবেদন গ্রহণ করছে



(ঢাকা) ৬ ডিসেম্বর ২০২০, রবিবার: জেরা কো. ইনকর্পোরেটেড “জেরা এশিয়া স্কলারশীপ” উদ্বোধন করলো। এই স্কলারশীপের মাধ্যমে ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অফ জাপানে (IUJ) আগামী ২৫ মার্চ ২০২১ পর্যন্ত স্নাতকোত্তর এশীয় দেশের শিক্ষার্থীরা যারা বাংলাদেশ, ভারত, ইন্দোনেশিয়া, মায়ানমার, ফিলিপাইনস, সিঙ্গাপুর, তাইওয়ান এবং ভিয়েতনামের তাদের আবেদন গ্রহণ করা হবে। জেরা এবং সামিট বাংলাদেশে বিদ্যুৎ ও জ্বালানী খাতে ব্যবসার অংশীদার।

জেরা চেয়ারম্যান তোশিহিরো সানো বলেন, “ইতোমধ্যে আমরা আমাদের জ্বালানী এবং অবকাঠামো ব্যবসার মাধ্যমে এশিয়ার বিভিন্ন দেশে অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখছি এবং আশা করি যে, এই নবপ্রতিষ্ঠিত “জেরা এশিয়া স্কলারশীপ” এসব দেশে ভবিষ্যতের অর্থনৈতিক উন্নয়নে জরুরী ভূমিকা পালন করবে।”

এই স্কলারশীপ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অফ জাপানে (IUJ) দু-বছর মেয়াদী স্নাতকোত্তর কোর্সের ১০০ শতাংশ ভর্তি ফি, ১০০ শতাংশ টিউশন ফি সহ জাপানী ইয়েন ১৫০,০০০ (বাংলাদেশী টাকা ১ লক্ষ ২২ হাজার টাকা মাত্র) মাসিক বৃত্তি প্রদান করবে। “জেরা এশিয়া স্কলারশীপ”-এর লক্ষ্য হচ্ছে এশিয়ার মেধাবী শিক্ষার্থীদের সহায়তা প্রদান করা জাপান থেকে উচ্চশিক্ষা গ্রহণে যেন তারা ভবিষ্যতে এশিয়াতে অর্থনৈতিক সমৃদ্ধিতে অবদান রাখতে সক্ষম হয়।

আবেদন করতে ভিজিট করুন: <https://www.iuj.ac.jp/admis/scholarship/>

মিডিয়া অনুসন্ধানের জন্য:

মোহসেনা হাসানা | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল +৮৮০১৭১৩০৮১৯০৫